গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www. coop. gov.bd

১২ আশ্বিন ১৪২২ ব:।
স্মারক নং- ৪৭.৬১.০০০০.০৬৫.২২.০০৪.১৩ (৫ম খন্ড)- ২৫৯(৭১) তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০১৫ খ্রি:।

বিষয় : সমবায় সমিতির সদস্য/ আমানতকারীদের শেয়ার ও আমানত তছরুপের বিষয়ে দায়ী ব্যক্তিগণের বিরুদ্ধে থানায় মামলা দায়েরসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ।

সূত্র : আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ১০.০০.০০০০.১৩৭.৪৪.০১১.১৫.৯৬ তারিখ: ২০/০৪/২০১৫ খ্রি:

সূত্রস্থ পত্রের নির্দেশনার প্রেক্ষিতে যে সকল সমবায় সমিতিতে সদস্য/ আমানতকারীদের শেয়ার ও আমানত তছরুপ/ আত্মসাৎ হয়েছে, সে সকল সমিতির তছরুপ/ আত্মসাতের জন্য দায়ী ব্যক্তিগণের (ব্যবস্থাপনা কমিটি/ ব্যবস্থাপক/ শাখা ব্যবস্থাপক/ ব্যবস্থাপনা পরিচালক ও অন্যান্য) বিরুদ্ধে জেলা সমবায় কর্মকর্তা/ বিভাগীয় যুগ্মনিবন্ধককে স্থানীয় থানায় মামলা দায়েরসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ১ (এক) পাতা ।

২৭/৯/১৫

(আবদুল আজিজ তালুকদার)
যুগ্মনিবন্ধক (অডিট ও আইন)
সমবায় অধিদপ্তর, ঢাকা ।
ফোন ঃ ৯১৪১০৩৮

১.যুগ্মনিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর ।

২. জেলা সমবায় কর্মকর্তা ----------ঢাকা---------- (সকল) ।

| | |
|---|---|
| | উপ-নিঃ (পৃঃ মওবি) |
| ✓ | উপ-নিঃ (মার্কেট) |
| | উপ-নিঃ (ক্রেডিট) |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
সলিসিটর অনুবিভাগ, ফৌজদারী শাখা
বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গন, ঢাকা।

নং- ১০.০০.০০০০.১৩৭.৪৪.০১১.১৫.৯৬ তারিখঃ ২০/০৪/২০১৫ খ্রিঃ

বিষয়ঃ- ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর দুর্নীতিকৃত অর্থ আদায় ও দন্ড আরোপের বিষয়টি চূড়ান্ত করার জন্য কোন আদালতে মামলা দায়ের করা যথাযথ হবে সে বিষয়ে আইনগত মতামত প্রদান।

সূত্র ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর প্রশাসন অধিশাখা-০২ এর স্মারক নং ৪৭.০৩২.০০৬.০৬১.০০৫.২০১২ (অংশ-১)-৫৬৬; ২৪/১২/২০১৪ খ্রিঃ তারিখে এবং ৪৭.০৩২.০০৬.০৬১.০০৫.২০১২ (অংশ-১)-১৬২(৩); ১১/০৩/২০১৫ খ্রিঃ তারিখের প্রেরিত পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, 'নিবন্ধক' দুর্নীতি দমন কমিশন আইন-২০০৪/ The Prevention of Corruption Act, 1947 (যা যেখানে প্রযোজ্য) মোতাবেক আসামীদের বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়েরের নিমিত্ত দুর্নীতি দমন কমিশন বরাবর দুর্নীতির বিষয় উল্লেখপূর্বক (দুর্নীতিকৃত অর্থ আদায় ও দন্ড আরোপের বিষয়ে) অভিযোগ দায়ের করতে পারেন অথবা সংশ্লিষ্ট থানায় অথবা সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এজাহার গ্রহণে অস্বীকৃতি জানালে কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট Jurisdiction এর Special Judge আদালতে মামলা দায়ের করতে পারেন।

২০/০৪/১৫
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব (ফৌজদারী)
ফোনঃ ০২-৯৫৬১২৩০

জনাব মোঃ আফজাল হোসেন
উপসচিব (প্রশাসন অধিশাখা-০২)
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের

নং ১০.০০.০০০০.১৩৭.৪৪.০১১.১৫.৯৬ তারিখঃ ২০/৪/২০১৫ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল ঃ

১। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগাঁরগাও,ঢাকা।

২০/০৪/১৫
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব (ফৌজদারী)
ফোনঃ ০২-৯৫৬১২৩০।